মেহেরপুরে তীব্র তাপপ্রবাহ; এসএসসি পরীক্ষার্থীদের দুর্ভোগ

গত তিনদিন ধরে মেহেরপুর জেলার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। আজ বুধবার (১০ মে) বিকাল ৩ টার সময়ে চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়ার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে।

বিকাল ৩ টার সময় জেলার তাপমাত্র রেকর্ড করা হয়েছে ৪০.৭ ডিগ্রি সেলসিয়াস। যা মেহেরপুর জেলার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া অধিদফতরের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান জানান, আজ দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে। পরবর্তী তিন দিন পর বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টিপাত হতে পারে।

আবহাওয়া অধিদফতর জানায়, গতকাল মঙ্গলবার দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে মেহেরপুর ও চুয়াডাঙ্গায় ৪১.২ ডিগ্রি সেলসিয়াস।
এদিকে জেলায় তাপপ্রবাহ বয়ে চলায় মানুষ ও প্রাণীকুলের মাধ্য ত্রাহী অবস্থা। ঘর থেকে বাইরে বের হওয়া যাচ্ছেন। এবারের তাপপ্রবাহে সব চেয়ে বেশি কষ্টে আছে চলতি এসএসসি পরীক্ষার্থী ও নিম্ন আয়ের মানুষ জন। সকাল ৮ টার পর থেকেই তাপ প্রবাহ বাড়তে শুরু করছে। এসময় বাইরে যাওয়া যাচ্ছেনা। বাইরে বের হলে চোখ মুখ রোদের তাপে পুড়ে যাচ্ছে।